যায়যায়দিন

তারিখ ... 7 JUL 2013 ...
পৃষ্ঠা ... ১৭ কলাম ... 2 ...

পাঁচবিবিতে সরকারি কলেজে অতিরিক্ত ফি আদায়

পাঁচবিবি (জয়পুরহাট) সংবাদদাতা

জয়পুরহাটের পাঁচবিবির মহিপুর হাজী মহসীন সরকারি কলেজে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি ফি বাবদ অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ পাওয়া গেছে।

চলতি শিক্ষাবর্ষে মহিপুর সরকারি কলেজে ৩টি বিভাগে ২৫০ জন শিক্ষার্থী বিলম্ব ফি ছাড়াই ভর্তি হয়েছে। বোর্ডের ১৯৮ টাকাসহ অন্যান্য ফি বাবদ প্রতি শিক্ষার্থীর কাছ থেকে ২ হাজার ৭০০ টাকা নেয়া হয়েছে। এদিকে ভর্তি রশিদে যে সমস্ত খাত উল্লেখ করে টাকা নেয়া হয়েছে, তার অধিকাংশের কোনো কার্যক্রম নেই। সব খরচ বাদ দিয়ে প্রতি ছাত্রছাত্রীর কাছ থেকে প্রায় ১৫০০ টাকা বেশি নেয়া হয়েছে। এতে অতিরিক্ত ফি বাবদ কলেজ কর্তৃপক্ষ প্রায় ৪ লাখ টাকা হাতিয়ে নিয়েছে।

উচ্চ মাধ্যমিকে ভর্তি

অভিভাবকদের অভিযোগ, উপজেলায় পাঁচবিবি ডিগ্রি কলেজ, পাঁচবিবি মহিলা কলেজ, সড়াইল কলেজ এবং শিরট্টি কলেজে ৫০০ থেকে ১ হাজার টাকায় ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। অথচ মহিপুর সরকারি কলেজে অতিরিক্ত টাকা নেয়া হচ্ছে।

ভর্তি ফি বেশি নেয়ার ব্যাপারে অধ্যক্ষ আবদুল মজিদকে জিজ্ঞাসা করলে তিনি কৌশলে প্রসঙ্গটি এড়িয়ে যান।